কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদে ভিডব্লিউবির চাল বিতরণ

দামুড়হুদার কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের ২০২৩-২০২৪ মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতায় ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) প্রকল্পের অধীনে ৪৪৫জন সুবিধাভোগী ‘মহিলাদের মাঝে খাদ্য শয্যে” পুষ্টি চাল বিতরনের শুভ উদ্বোধন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মঙ্গলবার ১১টার দিকে কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আ: করিম বিশ্বাসের সভাপতিত্বে ইউনিয়ন পরিষদ চত্তরে উদ্বোধনী অনুষ্ঠানে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলি মুনসুর বাবু। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা দামুডহুদা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান। কার্পাসডাঙ্গা ইউনিয়ন আ: লীগের সাধারন সম্পাদক নজীর আহমেদ যুগ্ন সম্পাদক আ: সালাম বিশ্বাস সাংগঠনিক সম্পাদক জাহিদুর রহমান মুকুল। প্যানেল চেয়ারম্যান মনিরুজ্জামান মন্টু ২নং প্যানেল চেয়ারম্যান বিল্লাল হোসেন ৩নং প্যানেল চেয়ারম্যান দেলোয়ারা খাতুন ইউপি সদস্য আলমগীর হোসেন, আ: সালাম, মাহবুবুর রহমান, সিরাজুল ইসলাম, নুর মোহাম্মদ ভগু, সাজিবার রহমান, সুমিয়া খাতুন, আনেহার খাতুন, উদ্দ্যেক্তা ওমিদুল ইসলাম ও হারুনার রশীদ অতিথিবৃন্দ উপকারভোগী মহিলাদের মাঝে বিষদ আলোচনা করে বক্তব্য দেন।

আলোচনা সভাটি পরিচালনা করেন কার্পাসডাঙ্গা ইউপি সচিব হাসানুজ্জামান।